গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গোয়াইনঘাট, সিলেট।

## খাদ্য বান্ধব কর্মসূচীর সাময়িক সময়ের জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

উপজেলা খাদ্য বান্ধব কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ০৩ (তিন) মাসের জন্য নিম্নে উল্লেখিত ইউনিয়নের ০১ (এক) জন করে খাদ্য বান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ করা হবে। ডিলার হিসেবে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীদেরকে নিম্নে উল্লেখিত শর্তাদি পালন সাপেক্ষে প্রয়োজনীয় কাগজাদি সহ আগামী ০৪/০৯/২০২৪ খ্রি. তারিখ হতে ০৮/০৯/২০২৪ খ্রি. তারিখ রোজ- রবিবার এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন দাখিলের জন্য আহব্বান করা হয়। বহুল প্রচারের স্বার্থে আগামী ১৫/০৯/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন আহবানের তারিখ বর্ধিত করা হলো।

নিচে উল্লেখিত ইউনিয়ন সমূহে খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবেঃ

| ক্র.নং | ইউনিয়নের নাম | বাজারের নাম |
|---|---|---|
| ০১ | ১২ নং গোয়াইনঘাট সদর | গোয়াইনঘাট বাজার |
| ০২ | ৫নং পূর্ব আলীর গাঁও | লাফনাউট বাজার |
| ০৩ | ৮ নং তোয়াকুল | তোয়াকুল বাজার |
| ০৪ | ৭নং নন্দির গাঁও | সালুটিকর বাজার |
| ০৫ | ২নং পশ্চিম জাফলং | মাতুরতল বাজার |
| ০৬ | ৬নং ফতেপুর | বিন্নাকান্দি বাজার |

শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে স্ব-ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
২। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্যশস্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
৩। ডিলার একসাথে কমপক্ষে ১৫(পনেরো) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
৪। ডিলারকে আর্থিক দিক থেকে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
৫। খাদ্য মন্ত্রণালয়ের কোন ডিলার/মিলার/টিকাদারী কাজে ইতো:পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভূক্ত, বাতিলকৃত বা সাময়িক ভাবে বরখাস্ত কোন ব্যক্তি ডিলার হতে পারবে না।
৬। একি ব্যক্তি খাদ্য বিভাগের একাদিক ডিলার হতে পারবে না।
৭। নিয়োগ প্রাপ্ত ডিলারকে ফেরত যোগ্য ২০,০০০/- (বিশ হাজার) টাকার জামানত পে-অর্ডার মূলে জমা প্রদান করতে হবে।
৮। নিয়োগ প্রাপ্ত ডিলারকে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল ষ্টাম্পে নির্ধারিত অঙ্গিকার মোতাবেক অঙ্গিকারনামা দাখিল করতে হবে।
৯। নিয়োগ প্রাপ্ত ডিলারকে খাদ্যশস্যের (ফুড গ্রেইন) লাইসেন্স গ্রহণ করতে হবে।
১০। আবেদনের সাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সদনপত্র, ইউনিয়ন পরিষদ প্রদত্ত হাল- সনের ট্রেড লাইসেন্স, যে কোন তপশীল ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদপত্র, পাকা দেয়াল ও পাকা মেঝে সম্মলিত নিজস্ব দোকান থাকতে হবে। জাতীয় পরিচয়পত্র এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে। ডিলার নিয়োগের পরও কোন ভূল তথ্য উদঘটিত হলে কর্তৃপক্ষ ডিলাশীপ বাতিল করতে পারবে।

উজ্জ্বল ভট্টাচার্য্য
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)
ও সদস্য সচিব
উপজেলা খাদ্য বান্ধব কমিটি
গোয়াইনঘাট, সিলেট।

তারিখ : ০৯/০৯/২০২৪ খ্রি.

স্মারক : ১৬০
অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ( জেষ্ঠ্যতা ক্রমানুসারে নয়)
১। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
২। উপজেলা কৃষি কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৪। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৭। আহবায়ক, উপজেলা প্রেসক্লাব, গোয়াইনঘাট, সিলেট। (স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
৮। উপজেলা সহকারী প্রোগ্রামার, গোয়াইনঘাট, সিলেট। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৯-১৪। চেয়ারম্যান............................................ইউনিয়ন পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১৫। প্রধান সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়াইনঘাট, সিলেট। (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১৬। অফিস কপি।

৯/০৯/২৪

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)
গোয়াইনঘাট, সিলেট।